গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন চলমান উন্নয়ন প্রকল্পসমূহের মে/২০২৬ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ফিরোজ সরকার সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময়	:	২৯ জুন ২০২৬, সকাল: ১১.০০ ঘটিকা
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ
উপস্থিতি	:	সংযোজনী-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) গত ২৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০২৬ পর্যন্ত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নির্দেশিত হয়ে উপসচিব (উন্নয়ন-১) ২০২৫-২০২৬ অর্থবছরে চলমান উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচ্যসূচী অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

২। উপসচিব (উন্নয়ন-১) বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে অত্র বিভাগ ও এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের সংখ্যা ১৮টি যার বিপরীতে আরএডিপি বরাদ্দ ২০১,৩৯.৯৬ লক্ষ (দুইশত এক কোটি উনচল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা। চলতি অর্থবছরের মে/২০২৬ মাস পর্যন্ত বরাদ্দের বিপরীতে মোট ব্যয় ৬১২৩.৯৫ লক্ষ (একষট্টি কোটি তেইশ লক্ষ আটানব্বই হাজার) টাকা অর্থাৎ আর্থিক অগ্রগতির হার ৩০.৩৩%। তিনি আরও জানান যে, ইতোমধ্যে জুন/২০২৬ পর্যন্ত অগ্রগতি সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, জুন/২০২৬ পর্যন্ত সম্ভাব্য আর্থিক অগ্রগতি হবে ৫৫.৩১%।

৩। সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	টেকসই কৃষি পরিসংখ্যান প্রকল্প। মেয়াদ: ডিসেম্বর, ২০২৩ - নভেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৬ কোটি ০৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বরাদ্দ ৬ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৫ কোটি ৫৮ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮৮.২৪%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬-আপ্যায়ন কোডে- ১,৮৯,১৯৫ টাকা, ৩২৩১৩০১-অভ্যন্তরীন প্রশিক্ষণ কোডে ১১,০৫,০০০ টাকা, ৩২৪৩১০১-পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট কোডে ২,১৬,০০০ টাকা, ৩২৪৩১০২ গ্যাস ও জ্বালানী কোডে-	ক) 'কৃষি জমির মালিকানা এবং দখলি স্বত্বের অনুপাত নিরুপণ জরিপ ২০২৬' (৩য় জরিপ) এর ডাটা প্রসেসিং এর কাজ আগস্ট ২০২৬ সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা করতে হবে। খ) 'কৃষি শ্রম একক প্রতি উৎপাদন ও উৎপাদকের গড় আয় নিরুপণ জরিপ-২০২৫' (২য় জরিপ) এর রিপোর্ট ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

		১,৮০,০০০ টাকা, ৩২৪৪১০১- অভ্যন্তরীন ভ্রমণ ব্যয়- ১৮,০০,০০০ টাকা, ৩২১১১১১- সেমিনার/কনফারেন্স- ২,১৬,৫২৬ টাকা অর্থ্যাৎ মোট:-৩৭,০৬,৭২১ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয় থেকে মোট-৬,০০,০০০ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ:৪৩,০৬,৭২১ টাকা যা ব্যয় হলে মোট ৯৫.০৫% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৯৫.০৫% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৮৮.২৪%। তিনি আরও বলেন যে, 'কৃষি জমির মালিকানা এবং দখলি স্বত্বের অনুপাত নিরুপণ জরিপ ২০২৬' (৩য় জরিপ) এর ডাটা প্রসেসিং এর কাজ আগস্ট ২০২৬ সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা হবে। তাছাড়া, 'কৃষি শ্রম একক প্রতি উৎপাদন ও উৎপাদকের গড় আয় নিরুপণ জরিপ-২০২৫' (২য় জরিপ) এর রিপোর্ট ৩০ জুন, ২০২৬ তারিখ প্রকাশ করা হবে। চলতি অর্থবছর শেষে প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রত্যাশিত আর্থিক ও বাস্তব অগ্রগতি অর্জিত হবে মর্মে সভায় অবহিত করেন। সভাপতি 'কৃষি জমির মালিকানা এবং দখলি স্বত্বের অনুপাত নিরুপণ জরিপ ২০২৬' (৩য় জরিপ) এর ডাটা প্রসেসিং এর কাজ আগস্ট ২০২৬ সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা এবং 'কৃষি শ্রম একক প্রতি উৎপাদন ও উৎপাদকের গড় আয় নিরুপণ জরিপ-২০২৫' (২য় জরিপ) এর রিপোর্ট ৩০ জুন, ২০২৬ তারিখ প্রকাশ করারও নির্দেশনা প্রদান করেন।		
২.	নির্বাচিত ফসলের নন-হিউম্যান কনজাম্পশন এবং ফসলের ক্ষতি ও অপচয় নিরুপণ জরিপ মেয়াদ: অক্টোবর, ২০২৪ - সেপ্টেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৯ কোটি ১৫ লক্ষ টাকা	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের জন্য বরাদ্দ ৭ কোটি ৯০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭ কোটি ৯০ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৫ কোটি ৩৩ লক্ষ ৯ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৬৮.০৮%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬-আপ্যায়ন খরচ কোডে ১.০০ লক্ষ টাকা, ৩২১১১১১-সেমিনার/কনফারেন্স কোডে	ক) তথ্যসংগ্রকারীসহ জরিপ কাজে সম্পৃক্ত সকলের সম্মানী ভাতাদি যথাসময়ে পরিশোধ করতে হবে। খ) নভেম্বর ২০২৬ মাসের মধ্যে 'ফসলের ক্ষতি ও অপচয় নিরূপণ জরিপ ২০২৬' এর রিপোর্ট প্রকাশ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

	(জিওবি)।	২.০৯ লক্ষ টাকা, ৩২৩১৩০১-প্রশিক্ষণ কোডে ৪৮.৫৩ লক্ষ টাকা এবং ৩২৪৪১০১-ভ্রমণ ব্যয় কোডে ১০২.৭৪ টাকা অর্থাৎ মোট ১৫৪.৩৬ লক্ষ টাকা অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। এছাড়া, ৩২৫৭১০১-পরামর্শক সেবা কোডে ১৯.১৪ লক্ষ টাকা, ৩২৫৭১০৪- জপির কোডে ২১.২২ লক্ষ টাকা এবং মুদ্রণ ও বাধাঁই কোডে ৮.৪৩ লক্ষ টাকাসহ ক্রয় থেকে মোট ৪৯.৮৬ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২০৪.২২ লক্ষ (দুই কোটি চার লক্ষ বাইশ হাজার) টাকা যা ব্যয় হলে মোট ৯৩.৯৩% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৬৮.০৮% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯৩.৯৩%। তিনি আরও জানান যে, তথ্য সংগ্রকারীসহ জরিপ কার্যক্রমে সর্ম্পক্ত সকলের সম্মানী ও ভাতাদি পর্যায়ক্রমে পরিশোধ করার কার্যক্রম চলমান রয়েছে। 'ফসলের ক্ষতি ও অপচয় নিরূপণ জরিপ ২০২৬' এর রিপোর্ট নভেম্বর ২০২৬ মাসের মধ্যে প্রকাশ করা হবে। সভাপতি তথ্য সংগ্রকারীসহ জরিপ কাজে সম্পৃক্ত সকলের সম্মানী ভাতাদি পরিশোধ করার নির্দেশনা প্রদান করার পাশাপাশি নভেম্বর ২০২৬ মাসের মধ্যে জরিপের রিপোর্ট প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।		
৩.	ফসলের উৎপাদন ব্যয় জরিপ ২০২৫ মেয়াদ: জুলাই, ২০২৫ - ডিসেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৭৯ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের জন্য বরাদ্দ ৪ কোটি ৪২ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৭৬ লক্ষ টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ৩ কোটি ১০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭০.১৪%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬-আপ্যায়ন কোডে-১,৩৩,০০০ টাকা, ৩২৩১৩০১-অভ্যন্তরীন প্রশিক্ষণ কোডে ১৪,৩৯,০০০ টাকা, ৩২৪৪১০১- অভ্যন্তরীন ভ্রমণ ব্যয়- ৩৯,০০,০০০ টাকা, ৩২১১১১১- সেমিনার/কনফারেন্স-১,৬৩,০০০ টাকা, ৪১১২২০২- কম্পিউটার	ক) ফসলের (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) উৎপাদন ব্যয় জরিপ-২০২৫ (১ম জরিপ) এর ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণ আগামী ৩১ আগস্ট ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। খ) বর্ণিত জরিপের ডেটা প্রক্রিয়াকরণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে রিপোর্ট রাইটিং এর কাজ দ্রুত শুরু করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

		এবং আনুষাঙ্গিক- ২৭,৩০,০০০ টাকা অর্থ্যাৎ মোট:- ৮৪,৬৫,০০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া কম্পিউটার সামগ্রী, মুদ্রণ ও বাঁধাই, জরিপ সামগ্রী, ফার্নিচার, গাড়ি হায়ারিং, অফিস সরঞ্জামাদি এবং অন্যান্য অর্থনৈতিক কোডে ক্রয় থেকে মোট-১২,০০,০০০টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ৯৬,৬৫,০০০ টাকা যা ব্যয় হলে মোট ৯২% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৭০.১৪% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯২.০০%। তিনি আরও জানান যে, 'ফসলের (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) উৎপাদন ব্যয় জরিপ-২০২৫' (১ম জরিপ) এর ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণের কাজ চলমান রয়েছে যা আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখ শেষ হবে। ডেটা প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হলে রিপোর্ট রাইটিং এর কাজ শুরু করা হবে। সভাপতি ফসলের (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) উৎপাদন ব্যয় জরিপ-২০২৫ (১ম জরিপ) এর ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণ আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও এ জরিপের ডেটা প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন করে রিপোর্ট রাইটিং এর কাজ দ্রুত শুরু করার নির্দেশনও প্রদান করেন।		
৪.	সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) প্রকল্প মেয়াদ: অক্টোবর, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৮৩ লক্ষ ৫২ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ১ কোটি ১৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ১৩ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৯২ লক্ষ ৪৬ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯২.৫৬ লক্ষ টাকা, যা বরাদ্দের ৮১.৯%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে আপ্যায়ন-৩২১১১০৬ কোডে ১.৮১ লক্ষ টাকা ৩২৪৪১০১- ভ্রমন ব্যয় কোডে ৩.৭৯ লক্ষ টাকা এবং প্রশিক্ষণ-৩২৩১৩০১ কোডে ৮.৪১ লক্ষ টাকা	প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট (PCR) নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

		অর্থ্যাৎ মোট ১৪.০৪ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয়ের ক্ষেত্রে মুদ্রণ ও বাঁধাই-৩২৫৫১০২ খাতে ০.৬০ লক্ষ টাকা, প্রচার ও বিজ্ঞাপন-৩২১১১২৫ খাতে ০.৭৩ লক্ষ টাকা, শ্রমিক মজুরি- ৩২১১১৩৪ খাতে ১.১৭ লক্ষ টাকা, জরিপ- ৩২৫৭১০৪ খাতে ০.৬০ লক্ষ টাকাসহ ক্রয় থেকে মোট ৬.৪০ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২০.৪৪ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৯৩.৫৪% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৮১.৯০% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯৩.৫৪%। তিনি আরও বলেন যে, প্রকল্পটির মেয়াদ চলতি বছরের জুন মাসে সমাপ্ত হবে। প্রকল্পটির মোট অনুমোদিত বাজেট ১০ কোটি ৯১ লক্ষ লক্ষ টাকার বিপরীতে প্রকল্পের মেয়াদ শেষে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হবে ১০ কোটি ৪ লক্ষ ৪৪ হাজার টাকা, যা মোট বরাদ্দের ৯২.০০ শতাংশ। তিনি সভাকে আশ্বস্ত করেন যে, প্রকল্প মেয়াদ শেষে যথাসময়ে প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (PCR) প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হবে। সভাপতি প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (PCR) নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।		
৫.	হাউজহোল্ড বেইজড এডুকেশন সার্ভে (HBES) প্রকল্প মেয়াদ: ০১ জুলাই, ২০২৫ - ৩০ জুন, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৮ কোটি ৫৫ লক্ষ ৪২ হাজার টাকা (জিওবি)	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের অনুকূলে ১ কোটি ৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা সম্পূর্ণ জিওবি। ছাড়কৃত অর্থের পরিমান ১ কোটি ৬ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৭৪ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভায় জানান যে, আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ *পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭৭.১৪ লক্ষ টাকা,* যা বরাদ্দের ৭২.৭৮%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে আপ্যায়ন	ক) জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর আয়োজিত কনসালটেশন ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামত সংযোজনপূর্বক প্রশ্নপত্র দ্রুত চুড়ান্ত করতে হবে। খ) মূল জরিপের কার্যক্রমও যথাসময়ে শুরু করার লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

		(৩২১১১০৬) কোডে ১.০০ লক্ষ টাকা, সেমিনার (৩২১১১১১) কোডে ১.৬০ লক্ষ টাকা, ভ্রমণ (৩২৪৪১০১) কোডে ০.৭৫ লক্ষ টাকা অর্থ্যাৎ মোট ৩.৩৫ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয়ের ক্ষেত্রে গাড়ি হায়ারিং (৩২১১১০৭) কোডে ৬.২৫ লক্ষ টাকা, পরামর্শক (৩২৫৭১০১) কোডে ১০.০০ লক্ষ টাকা, শ্রমিক অনিয়মিত মজুরি (৩২১১১৩৪) কোডে ১.০৪ লক্ষ টাকা, অন্যান্য মনিহারি (৩২৫৫১০৫) কোডে ২.৮৮ লক্ষ টাকা এবং অন্যান্য বিভিন্ন কোডে ২৫.৫১ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২৮.৮৬ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ১০০% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৭২.৭৮% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ১০০%। তিনি আরও জানান যে, জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর অংশীজনদের মতামত গ্রহণের লক্ষ্যে ১০ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত পরামর্শক সেমিনার হতে প্রাপ্ত মতামত সংযোগ করে প্রশ্নপত্র চুড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর আয়োজিত কনসালটেশন ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামত সংযোজনপূর্বক প্রশ্নপত্র দ্রুত চুড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, মূল জরিপের কার্যক্রমও যথাসময়ে শুরু করার লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করার নির্দেশনাও প্রদান করেন।		
৬.	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ শীর্ষক কারিগরি প্রকল্প মেয়াদ: জানুয়ারি, ২০২৪ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৫ কোটি ২১ লক্ষ ৩৯ হাজার টাকা	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ৭ কোটি ৮৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬ কোটি ৩৬ লক্ষ ৭৭ হাজার টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৪ কোটি ৮০ লক্ষ ৩১ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৬১.০৮%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে কোড নং-৩২১১১০৬- ২.১৩ লক্ষ টাকা, ৩২৩১৩০১- ২০.৩৩ লক্ষ টাকা, ৪১১২২০২- ৮.০০ লক্ষ টাকা অর্থাৎ মোট ৩০.৪৬ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। ক্রয় থেকে ৪.০০ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। তিনি আরও জানান,	ক) GIS Based Web Application and BGISP Website Development কার্যক্রম সর্বোচ্চ গুণগত মান নিশ্চিতপূর্বক অতিদ্রুত সম্পন্ন করতে হবে। খ) আগামী ২০২৬-২৭ অর্থবছরের শুরু থেকে তৎপর হয়ে দায়িত্বশীলতার সাথে সকল কার্যক্রম প্রকল্পের নির্ধারিত মেয়াদে সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

	(জিওবি)।	e-GP সিস্টেমে প্রকিউরমেন্ট মেথড সংযুক্ত না হওয়ার কারণে Consultancy খাতে ৮.০০ লক্ষ টাকা; কর্মপদ্ধতি অনুমোদন নেয়া, ক্রয় প্রক্রিয়ায় সম্মতি গ্রহণ এবং QCBS ক্রয় প্রক্রিয়া সময়সাপেক্ষ হওয়ায় ডাটাবেইজ খাতে নির্ধারিত ৮২.০০ লক্ষ টাকা এবং Arc GIS Enterprise সফটওয়্যার ক্রয় করা যায়নি বিধায় কম্পিউটার সফটওয়্যার খাতে ১৫৩.২১ লক্ষ টাকাসহ মোট-২৪৩.২১ লক্ষ টাকা ব্যয় সম্ভব হয়নি। স্থগিতাদেশ, ক্রয় ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২৭৭.৬৭ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৯৬.৪১% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ, ক্রয় ও সাশ্রয়কৃত অর্থ ব্যতিত ব্যয় ৬১.০৮% তা স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৯৬.৪১% এছাড়া তিনি আরও জানান যে, ৮ জুন ২০২৬ তারিখে GIS Based Web Application and BGISP Website সংক্রান্ত বিষয়ে স্টেকহোল্ডারদের নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। GIS Based Web Application and BGISP Website উন্নয়ন বিষয়ে CEGIS একটি টেস্ট রিপোর্ট প্রেরণ করেছে। সভাপতি GIS Based Web Application and BGISP Website Development কার্যক্রম সর্বোচ্চ গুণগত মান নিশ্চিতপূর্বক অতিদ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, আগামী ২০২৬-২৭ অর্থবছরের শুরু থেকে অত্যন্ত তৎপর হয়ে দায়িত্বশীলতার সাথে সকল কার্যক্রম প্রকল্পের নির্ধারিত মেয়াদে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।		
৭.	Capacity Building of Statistics Services based on Platform প্রকল্প (KOICA) মেয়াদ: জুলাই, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৪৪ কোটি ০৭ লক্ষ টাকা (জিওবি: ৩৭ কোটি ৯২ লক্ষ এবং	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ৪৩ কোটি ৩৭ লক্ষ টাকা (জিওবি: ১৮,৩৩.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য: ২৫,০৪.০০ লক্ষ টাকা)। ছাড়কৃত অর্থের পরিমাণ জিওবি: ১৮,৩৩.০০ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৩১ কোটি ৯৩ লক্ষ ৩১ হাজার টাকা (জিওবি: ৭১৭.৩১ ও বৈ: সা: ২৪৭৬.০০)। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত	ক) যথাসময়ে মূল্যায়ন সম্পন্নের নিমিত্ত দক্ষ কর্মকর্তার সমন্বয়ে কমিটি পুনর্গঠন করতে হবে। খ) টেন্ডার প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক

	প্রকল্প সাহায্য: ১০৬ কোটি ১৫ লক্ষ)।	আর্থিক অগ্রগতি ৭৩.০৮%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন), ৩২১১১১১ (সেমিনার), ৩২৩১৩০১ (প্রশিক্ষণ) ও ৩২৪৪১০১ (টিএ/ডিএ) কোডে যথাক্রমে ০.৪১ লক্ষ, ১.৫২ লক্ষ, ২২.৬৪ লক্ষ ও ০.৩৬ লক্ষ টাকা অর্থ্যাৎ মোট ২৪.৯৩ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয় থেকে ৩২৫৭১০৪ (জরিপ), ৪১১২২০১ (আইসিটি ইকুইপমেন্ট), ৪১১২৩১০ (অফিস সরঞ্জামাদি) ও ৪১১২৩১৪ (আসবাবপত্র) কোডে যথাক্রমে ৩.৩৩ লক্ষ, ২৭.৪৭ লক্ষ, ১.৫০ লক্ষ ও ২.১৯ লক্ষ টাকা অর্থাৎ ক্রয় থেকে মোট ৩৪.৪৯ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ৫৯.৪২ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৭৪.৪৫% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৭৩.০৮% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৭৪.৪৫%। সভাপতি প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারন জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক ৩২৫৮১০৭ (নন-রেসিডেনসিয়াল বিল্ডিং) ও ৫১১১৩০৩ (কম্পিউটার সফটওয়্যার এবং ডাটাবেজ) কোডে আহবানকৃত দরপত্র বাতিলপূর্বক পুনঃদরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ৬৪৮.৩৬ লক্ষ ও ২৫৭.০০ লক্ষ টাকা অর্থাৎ মোট: ৯০৫.৩৬ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। তিনি উল্লেখ করেন, মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়নে দীর্ঘ সময় নিয়েছিল। আরও উল্লেখ্য যে, পুনঃ দরপত্র আহবানের সাথে সর্ম্পকিত কম্পিউটার সফটওয়্যার এবং ডাটাবেজ ক্রয় না হওয়ার কারণে ৪১১৩৩০১ (সফটওয়ার, লাইসেন্স নবায়ন) কোডে বরাদ্দকৃত ১৮০.০০ লক্ষ টাকা অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। ফলে অগ্রগতি কম হয়েছে। সভাপতি যথাসময়ে মূল্যায়ন সম্পন্নের নিমিত্ত দক্ষ কর্মকর্তার সমন্বয়ে কমিটি পুনর্গঠন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও টেন্ডার প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।		
৮.	Intergating	২০২৫-২০২৬ অর্থবছরে এ প্রকল্পের	ক) প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত	মহাপরিচাল

	Geospatial Information with Gender & Vital Statistics in BBS শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প মেয়াদ: এপ্রিল, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ১৮ লক্ষ ৫ হাজার টাকা (জিওবি: ১ কোটি ২৭ লক্ষ ৯ হাজার টাকা এবং প্রকল্প সাহায্য (UNFPA): ১০ কোটি ৯০ লক্ষ ৯৬ হাজার টাকা)।	আরএডিপি'তে বরাদ্দ ১ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি: ৩০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ১৩০.০০ লক্ষ টাকা)। ছাড়কৃত অর্থের পরিমাণ জিওবি: ৩০.০০ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ১ কোটি ৪৪ লক্ষ ৬৬ হাজার টাকা (জিওবি: ২৫.৬৬ ও বৈ: সা: ১১৯.০০)। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮৮.৮৭% (১৪২.২০ লক্ষ টাকা)। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে আপ্যায়ন ব্যয় খাতে ০.৭৬ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। আউটসোর্সিং (কোড-৩২১১১৩১), নিবন্ধন ফি, ফিটনেস (কোড-৩২২১১০৪), ব্যবস্থাপনা ব্যয়-(কোড-৩২২১১০৯), পেট্রোল, ফুয়েল, লুব্রিক্যান্ট (কোড-৩২৪৩১০১), জরিপ (৩২৫৭১০৪) জরিপ কোডসহ মোট: ১৭.৮০ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ১৭.৮০ লক্ষ টাকা যা ব্যয় হলে ১০০% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ১০০% এবং স্থাগিতাদেশ ও সাশ্রয় ব্যাতিত ব্যয় ৮৮.৮৭%। তিনি আরও জানান যে, প্রকল্পের আওতায় Unmet Needs for Family Planning সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত হয়েছে। এডিটরস ফোরামের অনুমোদন সাপেক্ষে জুলাই ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশিত হবে। তাছাড়া, Population Projection কার্যক্রমেরও চুড়ান্ত রিপোর্ট প্রস্তুত হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম শেষে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এটিও জুলাই ২০২৬ মাসের মধ্যে প্রকাশ করা হবে। সভাপতি প্রকল্পের আওতায় Unmet Needs for Family Planning সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট জুলাই, ২০২৬ এবং একই সাথে Population Projection এর ফাইনাল রিপোর্ট জুলাই ২০২৬ এর মধ্যে প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।	Unmet Needs for Family Planning সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট জুলাই ২০২৬ এর মধ্যে প্রকাশ করতে হবে। খ) Population Projection এর চুড়ান্ত রিপোর্ট এডিটরস ফোরামের অনুমোদন সাপেক্ষে জুলাই ২০২৬ এর মধ্যে প্রকাশ করতে হবে।	ক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক
৯.	বাংলাদেশের জনতাত্ত্বিক ও স্বাস্থ্য পরিসংখ্যান উন্নতকরণ প্রকল্প।	২০২৫-২০২৬ অর্থবছরে বর্ণিত প্রকল্পের আরএডিপি'তে বরাদ্দ ৬ কোটি ৮৯ লক্ষ ২৭ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬ কোটি ৮৯ লক্ষ	Elderly Population Survey (EPS) এর ডাটা এ্যানালাইসিস যথাযথভাবে সম্পন্ন করে আগামী ৩১ জুলাই ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২)

	মেয়াদ: জানুয়ারি, ২০২৪ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২০ কোটি ১০ লক্ষ ৫৮ হাজার টাকা (জিওবি)।	২৭ হাজার টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৫ কোটি ৮৩ লক্ষ ২০ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভায় জানান যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮৪.৬১%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন) কোডে ৬.৭৩ লক্ষ টাকা, ৩২৩১৩০১ (প্রশিক্ষণ) কোডে ৬.৫ লক্ষ টাকা, ৩২৪৪১০১ (ভ্রমণ ব্যয়) কোডে ৭.৪ লক্ষ টাকা অর্থ্যাৎ মোট ২০.৬৩ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয় থেকে শুধুমাত্র কনসাল্টেন্সি খাতে ১২.৫ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ৩৩.১৩ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৯৭.৭৬% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৯৭.৭৬% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯২.৯৬%। তিনি আরও জানান যে, Elderly Population Survey (EPS) ডাটা এ্যানালাইসিস যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে খসড়া রিপোর্ট প্রস্তুত করা হয়েছে যা জুলাই ২০২৬ মাসের মধ্যে প্রকাশ করা হবে। সভাপতি Elderly Population Survey (EPS) এর ডাটা এ্যানালাইসিস সম্পন্ন করে ৩১ জুলাই ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।		এবং প্রকল্প পরিচালক
১০.	বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্প। মেয়াদ: অক্টোবর, ২০২৫ - জুন, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২১ কোটি ৪৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে বর্ণিত প্রকল্পের আরএডিপি'তে বরাদ্দ ৫৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৪ লক্ষ টাকা। জুন, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৫১ লক্ষ ৫ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৯৪.৫৪%। প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৪.৫৪%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১১১-সেমিনার এবং কনফারেন্স কোডে ১,১৩,৬০০ টাকা এবং ৩২১১১০৬-আপ্যায়ন খরচ কোডে ৬৪৫০০ টাকা অর্থ্যাৎ মোট ১,৭৮,১০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া অফিস স্টেশনারি, কম্পিউটার সামগ্রী, ফার্নিচার, গাড়ি	প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জুলাই ২০২৬ তারিখ হতে যথাযথভাবে শুরু করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

		হায়ারিং ক্রয় থেকে ১,১৬,৯০০ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২.৯৫ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ১০০% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৯৭.৭৬% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯৪.৫৪%। তিনি সভায় আরও অবহিত করেন যে, প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) এর লিস্টিং ২৩-৩০ জুন, ২০২৬ তারিখ সময়ে সম্পন্ন হয়েছে। এ জরিপের মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জুলাই, ২০২৬ তারিখ হতে আরম্ভ হবে, এ লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ (২৩-২৯ জুন, ২০২৬ তারিখ) সম্পন্ন হয়েছে। এ ছাড়া ০১ জুলাই, ২০২৬ তারিখ হতে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহন করা হচ্ছে। সভাপতি প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জুলাই ২০২৬ তারিখ হতে যথাযথভাবে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।		
১১.	অর্থনৈতিক শুমারি-২০২৩ শীর্ষক প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৫৭৯ কোটি ৫২ লক্ষ ৯৮ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ৩৬ কোটি ৬৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ২৭ কোটি ৪৮ লক্ষ টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ১১ কোটি ৯৩ লক্ষ ৪২ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি হয়েছে ৩২.৫৮%। তবে অর্থ বিভাগের স্থগিতাদেশের কারণে আপ্যায়ন, সেমিনার/কনফারেন্স, প্রশিক্ষণ, পেট্রোল-অয়েল-লুব্রিকেন্ট, গ্যাস ও জ্বালানি এবং ভ্রমণ ব্যয়সহ বিভিন্ন খাতে মোট ৩,৭১,৯৪,০০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। এছাড়া, ক্রয় প্রক্রিয়ায় ২,১৪,০০,০০০ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ: ৬,৮৫,৯৪,০০০ টাকা যা ব্যয় হলে মোট ৪৮.৪১% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ, স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৪৮.৪১% এবং স্থাগিতাদেশ ও সাশ্রয় ব্যতীত ব্যয় ৩২.৫৮% ।	ক) ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) জুলাই, ২০২৬ মাসের মধ্যে প্রকাশ করতে হবে। খ) SBR সহ প্রকল্পের আওতায় নির্ধারিত অবশিষ্ট সকল কার্যক্রম প্রকল্পের মেয়াদের মধ্যে সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

		তিনি আরও জানান যে, কিছু কাজ (যেমন: রিপোর্ট প্রিন্টিং, প্রচার কার্যক্রম সংক্রান্ত প্রকিউরমেন্ট এবং জেলা রিপোর্ট প্রস্তুত) আংশিক সম্পন্ন হওয়ায় আরও ৩,৪৬,০০,০০০ টাকার বিল পরিশোধ করা সম্ভব হয়নি। এ বিল পরিশোধ করা সম্ভব হলে ৫৭.৮৫% অগ্রগতি অর্জিত হতো। তিনি আরও উল্লেখ করেন যে, প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির পর প্রকল্পের অবশিষ্ট কার্যাদি সম্পন্নের জন্য ২০২৫-২৬ অর্থবছরের শেষ ০৬ (ছয়) মাস (জানুয়ারি ২০২৬-জুন ২০২৬) এবং ২০২৬-২৭ অর্থবছরে (জুলাই ২০২৬-ডিসেম্বর ২০২৬) মোট ৩৬ কোটি ৬৫ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজন হলেও সমুদয় অর্থ ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয়। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির পূর্বেই AMS সফটওয়্যার বন্ধ হয়ে যাওয়ায় উক্ত বরাদ্দ সংশোধন করা সম্ভব হয়নি। ফলে, ২০২৫-২৬ অর্থবছরে (জানুয়ারি ২০২৬ - জুন ২০২৬) প্রকল্প দলিলে নির্ধারিত কার্যক্রম সম্পাদনে ১৮ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয়ের প্রয়োজন হলেও আরএডিপিতে ইতিপূর্বে যে বরাদ্দ (মোট ৩৬ কোটি ৬৫ লক্ষ টাকা) প্রদান করা হয় তা আর পরিবর্তন করা যায়নি। ফলে প্রকল্পের আর্থিক অগ্রগতি কম হয়েছে। এছাড়া তিনি আরও জানান যে, ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) এর ট্যাবুলেশন প্ল্যান চূড়ান্ত হয়েছে। জুলাই, ২০২৬ মাসে প্রকাশ করার নিমিত্ত সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তাছাড়া, Statistical Business Register (SBR) এর তথ্য সংগ্রহ কার্যক্রম ০৬ থেকে ২৭ জুন ২০২৬ সময়ে যথাযথভাবে সম্পন্ন হয়েছে। সভাপতি ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) জুলাই ২০২৬ এর মধ্যে প্রকাশ করা এবং SBR সহ প্রকল্পের আওতায় নির্ধারিত অবশিষ্ট সকল কার্যক্রম প্রকল্পের মেয়াদের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।		
১২.	ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ প্রকল্প।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ১২ কোটি ০৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১২ কোটি ০৪ লক্ষ টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ১১ কোটি ৬৬ লক্ষ ৭৮	ক) ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম সম্পন্নপূর্বক যথাযথভাবে রিপোর্ট প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং

	মেয়াদ: অক্টোবর, ২০২৩ - জুন, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৪১ কোটি ১৯ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।	হাজার টাকা। প্রকল্প পরিচালক সভায় জানান যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৬.৯১%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে আপ্যায়ন ব্যয় (৩২১১১০৬) কোডে ২,৫২,০০০ টাকা, প্রশিক্ষণ (৩২৩১৩০১) কোডে ৯,২৮,০০০ টাকা, সেমিনার/কনফারেন্স ব্যয় (৩২১১১১১) কোডে ৮০,০০০ টাকা, কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২) কোডে ২,৪০,০০০ অর্থ্যাৎ মোট ১৫,০০,০০০ (পনেরো লক্ষ) টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয়ের ক্ষেত্রে কনসালটেন্সি (৩২৫৭১০১) কোডে ১,০৩,০০০ টাকা, মুদ্রণ ও বাঁধাই (৩২৫৫১০২) কোডে ৩,১০,০০০ টাকা, প্রচার ও বিজ্ঞাপন (৩২১১১২৫) কোডে ৬,০০০ টাকা, কম্পিউটার সামগ্রী (৩২৫৫১০১) কোডে ৬,০০০ টাকা অর্থাৎ ক্রয় থেকে মোট ৪,২৫,০০০ (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ১৯,২৫,০০০ (উনিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা যা ব্যয় হলে মোট ৯৮.৫১% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৯৬.৯১% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৯৮.৫১%। তিনি সভাকে আরও জানান যে, প্রকল্পের মাঠ পর্যায়ে 'ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬' শীর্ষক ২য় জরিপের ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে যা ৩০ জুন ২০২৬ বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া, ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে। জনাব মোঃ জাকির হোসেন, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, অত্র বিভাগের অতিরিক্ত সচিব ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান এবং যুগ্মসচিব আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক কর্তৃক "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক ২য় জরিপের ৪র্থ কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিবীক্ষণের প্রতিবেদন দাখিল করা হয়। দাখিলকৃত প্রতিবেদনে কিছু	খ) বিভিন্ন জরিপে অদক্ষ তথ্য সংগ্রহকারীদের বাদ দিয়ে দক্ষ ও কর্মঠদের নিয়োগ প্রদান করতে হবে। (গ) "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক জরিপে নিয়োগকৃত তথ্য সংগ্রহকারীদের নিয়োগ, যোগ্যতা, কর্মদক্ষতা যাচাই করার জন্য নিম্নোক্ত একটি কমিটি গঠন করা হলো: **ক্র. | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে অবস্থান** ১. | জনাব মো: আব্দুল মোক্তাদের, যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সভাপতি ২ | জনাব মোহাম্মদ আবদুল হামিদ মিয়া, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য ৩ | জনাব এইচ. এম. ফিরোজ, পরিচালক, ইন্ডাষ্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস | সদস্য-সচিব কর্মপরিধি: (১) "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক জরিপে নিয়োগকৃত তথ্য সংগ্রহকারীদের নিয়োগ, যোগ্যতা, কর্মদক্ষতা যাচাইকরত: প্রতিবেদন দাখিল করা।	প্রকল্প পরিচালক

		তথ্য সংগ্রহকারীর অদক্ষতা এবং অন্য এলাকা হতে নিয়োগের বিষয়ে মতামত প্রদান করেছেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বলেন যে, ইতোমধ্যে দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদন মহাপরিচালক, বিবিএস বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি বর্ণিত জরিপে নিয়োগকৃত অদক্ষ তথ্য সংগ্রহকারীদের বাদ দিয়ে দক্ষদের তথ্য সংগ্রহকারী নিয়োগ দিয়ে এ বিভাগকে অবহিত করার বিষয়ে মতামত প্রদান করেন। সভাপতি "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক জরিপে নিয়োগকৃত তথ্য সংগ্রহকারীদের নিয়োগ, যোগ্যতা, কর্মদক্ষতা যাচাই করার জন্য একটি কমিটি করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি অন্যান্য জরিপে অদক্ষ তথ্য সংগ্রহকারীদের বাদ দিয়ে দক্ষ ও কর্মঠদের নিয়োগেরও নির্দেশনা প্রদান করেন। সভাপতি প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় জরিপের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম সম্পন্নপূর্বক যথাযথভাবে ডাটা এনালাইসিস সম্পন্ন করে যথাসময়ে রিপোর্ট প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন।		
১৩.	নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস)। মেয়াদ: জানুয়ারি, ২০২৫ - ডিসেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৬৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে আলোচ্য প্রকল্পের বরাদ্দ ৬ কোটি ৯৫ লক্ষ ০৭ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৯৮ লক্ষ ৯৫ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫৭.৪০%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে (৩২১১১০৬) আপ্যায়ন, (৩২১১১১১) সেমিনার/কনফারেন্স, (৩২৩১৩০১) প্রশিক্ষণ, (৩২৪৪১০১) ভ্রমণ ব্যয়, কোডসমূহে মোট ১৪২.৫৪ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ক্রয়ের ক্ষেত্রে (৩২১১১০৭) যানবাহন হায়ারিং, কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২), অফিস সরঞ্জামাদি (৪১১২৩১০),	ক) SMI জরিপের ট্যাবুলেশন প্ল্যান দ্রুত সম্পন্নপূর্বক ৩০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে রিপোর্ট প্রকাশ করতে হবে। খ) আগামী ০১ জুলাই ২০২৬ থেকে কুটির শিল্প জরিপের প্রিটেস্ট এবং ১০ জুলাই ২০২৬ থেকে মূল জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে। গ) প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি Revisit করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

		আসবাবপত্র (৪১১২৩১৪), কম্পিউটার সফটওয়্যার (৪১১২৩১০), কনসালটেন্সি (৩২৫৭১০১) ইত্যাদি কোডসমূহে ২৭.১৫ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। তাছাড়া স্থগিতাদেশ থাকার কারণে একটি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্ভব না হওয়ায় আরও প্রায় ৯০ লক্ষ টাকা অব্যয়িত থেকে যায়। সুতরাং স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২৫৯.৬৯ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৯৪.৭৬% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ সহ ব্যয় ৯৪.৭৬% এবং স্থগিতাদেশ ব্যাতিত ব্যয় ৫৭.৪০% । তিনি সভাকে আরও অবহিত করেন যে, SMI জরিপের আওতায় সংগৃহীত তথ্য এডিটিং ও কোডিং কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি ট্যাবুলেশন প্ল্যান প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে যা ৩০ জুলাই ২০২৬ তারিখ শেষ হবে। তাছাড়া, আগামী ০১ জুলাই ২০২৬ থেকে কুটির শিল্প জরিপের প্রিটেস্ট এবং ১০ জুলাই ২০২৬ থেকে মূল জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত সকল কার্যক্রমের বিল পরিশোধপূর্বক আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সভাপতি SMI জরিপের আওতায় সংগৃহীত তথ্য এডিটিং ও কোডিং কার্যক্রম সম্পন্ন করার পাশাপাশি ট্যাবুলেশন প্ল্যান প্রণয়নপূর্বক ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে রিপোর্ট প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি আগামী ০১ জুলাই ২০২৬ থেকে কুটির শিল্প জরিপের প্রিটেস্ট এবং ১০ জুলাই ২০২৬ থেকে মূল জরিপের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া তিনি প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি Revisit করার নির্দেশনাও প্রদান করেন।		
১৪.	ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলা ভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ৮ কোটি ৪৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৮ কোটি ৩৪ লক্ষ ৫০ হাজার টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ৭ কোটি ৬৭ লক্ষ ৬৮ হাজার টাকা।	জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের লক্ষ্যে সকল জেলায় প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করে জেলা জিডিপি প্রণয়ন ডিসেম্বর ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প

	শীর্ষক প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২৩ কোটি ৩৯ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।	প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯০.৭৩%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন ব্যয়) কোডে ৬.৫৯ লক্ষ টাকা, ৩২১১১১১ (সেমিনার/কনফারেন্স ব্যয়) ৩.৮৬ লক্ষ টাকা, ৩২৩১৩০১ প্রশিক্ষণ (অভ্যন্তরীণ ও বৈদেশিক) কোডে ১৩.৫১ লক্ষ টাকা, ৩২৪৪১০১ (ভ্রমণ ব্যয়) ১৩.২৬ লক্ষ টাকা, ৪১১২২০২ (কম্পিউটার ও আনুষঙ্গিক) ০.০৫ লক্ষ টাকা, অর্থাৎ মোট ৩৭.২৭ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। ক্রয় থেকে ৩২১১১২৫ (প্রচার ও বিজ্ঞাপন ব্যয়) কোডে ০.৫০ লক্ষ টাকা, ৩২৫৫১০১ (কম্পিউটার সামগ্রী) কোডে ০.০৫ লক্ষ টাকা, ৩২৫৫১০২ (মুদ্রণ ও বাঁধাই) কোডে ০.০১৭ লক্ষ টাকা, ৩২৫৫১০৫ (অন্যান্য মনিহারি) কোডে ০.০৪ লক্ষ টাকা, ৩২৫৭১০১ (কনসালটেন্সি) কোডে ৩.১৬ লক্ষ টাকা, ৪১১৩৩০১ (কম্পিউটার সফটওয়্যার) কোডে ১.৩৪ লক্ষ টাকা, অর্থাৎ ক্রয় থেকে মোট ৫.১১ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। অন্যান্য খাত (ইন্টারনেট, মোবাইল, শ্রমিকের মজুরি, ভেন্যু ভাড়া, পরিবহন, জরিপ, মেরামত ও সংরক্ষণ প্রভৃতি থেকে ২৪.৫৭ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। অর্থাৎ বিভিন্ন ক্রয় ও অন্যান্য খাতসহ সর্বমোট ২৯.৬৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ৬৬.৯৫ লক্ষ টাকা যা ব্যয় হলে মোট ৯৮.৬৪% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ অগ্রগিতি ৯৮.৬৪% এবং স্থগিতাদেশ ব্যতিত ব্যয় ৯৪.২৩% । তিনি সভাকে আরও জানান যে, জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের লক্ষ্যে জেলা হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত এন্ট্রি, এডিটিং, কোডিং, যাচাই-বাছাই, Compilation Sheet প্রস্তুত এবং সে অনুসারে Compilation Sheet-এ তথ্য-উপাত্ত সন্নিবেশ করা হচ্ছে। বর্তমানে কম্পাইলারগণ কর্তৃক জেলাভিত্তিক খসড়া জিডিপি প্রাক্কলন পর্যায়ে রয়েছে। সভাপতি জেলাভিত্তিক জিডিপি প্রণয়নের লক্ষ্যে সকল জেলায় প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করে জেলা জিডিপি প্রণয়ন ডিসেম্বর ২০২৬		পরিচা

		মাসের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।		
১৫.	বাংলাদেশ পোভার্টি অ্যান্ড লাইভলিহুড স্ট্যাটিসটিকস (BPLS) প্রকল্প। মেয়াদ: ০১ এপ্রিল, ২০২৫ - ৩১ মার্চ, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৩১ কোটি ৪৫ লক্ষ ৩৭ হাজার টাকা।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ২২ কোটি ২৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৫৬ লক্ষ ২৫ হাজার টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ৪ কোটি ১২ লক্ষ ৯৫ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৮.৫৬%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় নির্ধারিত খানার আয়-ব্যয় জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জানুয়ারি ২০২৬ থেকে শুরু করার পরিকল্পনা থাকলেও বিশেষজ্ঞদের পরামর্শক্রমে কর্তপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অর্থবছরের সাথে মিল রেখে ১ জুলাই ২০২৬ থেকে শুরু করা হচ্ছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ০১-২১ জুন ২০২৬ পর্যন্ত তথ্য সংগ্রহকারীগণের আবাসিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২২-২৫ জুন ২০২৬ সময়ে মাঠ পর্যায়ের সুপারভাইজিং কর্মকর্তাগণের (যুগ্ম পারিচালক ও উপপরিচালক) আবাসিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এক জুলাই ২০২৬ থেকে এক বছর ব্যাপী মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ করা হবে। সভাপতি ০১ জুলাই ২০২৬ হতে জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া তথ্যের সর্বোচ্চ গুণগত মান নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করারও নির্দেশনা প্রদান করেন।	ক) ০১ জুলাই ২০২৬ হতে জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু করতে হবে। তাছাড়া তথ্যের সর্বোচ্চ গুণগত মান নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ধরনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক
১৬.	ক্ষুদ্র-নৃগোষ্ঠীদের আর্থ-সামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ-২০২৫ প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৫ - জুন, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২৮ কোটি ৭৪ লক্ষ টাকা।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ২ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ১ কোটি ৫৭ লক্ষ ৪৪ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৬১.৩৩%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন) কোডে- ৫০,০০০ টাকা, ৩২১১১১১ (সেমিনার/কনফারেন্স) কোডে- ২,৪০,০০০ টাকা ৩২৩১৩০১ (অভ্যন্তরীন প্রশিক্ষণ) কোডে ২৪,০০,০০০ টাকা,	খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রস্তুতকৃত খসড়া প্রশ্নপত্র ও CAPI Apps- তৈরি আগামী ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক

<table>
<tr><td></td><td></td><td>৩২৪৪১০১ (অভ্যন্তরীন ভ্রমণ ব্যয়) কোডে- ৯,০০,০০০ টাকা, ৪১১২২০২- (কম্পিউটার ও আনুষাঙ্গিক) কোডে- ৭,৮৯,০০০ টাকা অর্থ্যাৎ মোট ৪৩,৭৯,০০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া ৩২৫৭১০৪ (জরিপ) কোড হতে প্রায় ৩,৫০,০০০ টাকাসহ অন্যান্য ক্রয় কার্যক্রম থেকে মোট ৪,৮৪,০০০ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমান ৪৮,৬৩,০০০ টাকা যা ব্যয় হলে ৮০.২৯% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থ্যাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৮০.২৯% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৬১.৩৩% ।
তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম ই-জিপিতে পিপিআর ২০২৫ মোতাবেক সম্পন্ন করা হয়েছে। খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রশ্নপত্র ও CAPI Apps- প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে যা ৩১ জুলাই ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন হবে। ইতোমধ্যে খানা তালিকার খসড়া প্রশ্নপত্র প্রস্তুতপূর্বক CAPI Apps এর মাধ্যমে প্রিটেস্ট কার্যক্রম সম্পন্ন করা হয়।
সভাপতি খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রস্তুতকৃত প্রশ্নপত্র ও CAPI Apps- তৈরি ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>১৭.</td><td>Statistical Capacity Enhancement and Modernization Project (SCEMP) প্রকল্প।

মেয়াদ: জুলাই, ২০২৫ – জুন, ২০৩০ পর্যন্ত।

প্রাক্কলিত ব্যয় ১ হাজার ৯৬ কোটি ৪০ লক্ষ টাকা
(৯৬ কোটি টাকা জিওবি + ১০০০ কোটি ৪০ লক্ষ টাকা বিশ্ব ব্যাংকের ঋণ সহায়তা)</td><td>২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের অনুকূলে ৩০ কোটি ৬৫ লক্ষ ৫ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭২ লক্ষ টাকা, জিওবি। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ৯ কোটি ৫০ লক্ষ ১৭ হাজার টাকা (জিওবি: ৪৮.৩৫ ও প্র: সা: ৯০১.৮২)। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৩১.০০%।

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি৩১.৩১%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন) কোডে ১২,৮০,০০০ টাকা, ৩২৩১৩০১ (অভ্যন্তরীন প্রশিক্ষণ) কোডে ১,৫০,০০,০০০ টাকা, ৩২৪৩১০১ (পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট) কোডে</td><td>ক) বিশ্বব্যাংক কর্তৃক প্রেরিত মিশন রিপোর্টে বর্ণিত কার্যক্রম গুলো (Action) যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। বিশেষ করে:
<table><tr><th>No</th><th>Actions</th><th>Agreed timeline</th></tr><tr><td>1</td><td>Finalize the Project Operations Manual.</td><td>June 21, 2026</td></tr><tr><td>2</td><td>Share a comprehensive implementation plan for ICT-related activities, including download-tracking and reporting on the current BBS website.</td><td>June 21, 2026</td></tr><tr><td>3</td><td>Initiate the</td><td>July 30,</td></tr></table></td><td>মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক</td></tr>
</table>

৩২,৫০,০০০ টাকা, ৩২৪৩১০২ (গ্যাস ও জ্বালানী) কোডে ২,৫০,০০০ টাকা, ৩২৪৪১০১ (অভ্যন্তরীন ভ্রমণ ব্যয়) কোডে ৩৭,৫০,০০০ টাকা, ৩২১১১১১ (সেমিনার/কনফারেন্স) কোডে ১৭,৫০,০০০ টাকা অর্থ্যাৎ মোট:- ২,৬২,৮০,০০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ: ২,৬২,৮০,০০০ টাকা যা ব্যয় হলে মোট ৩৯.৮৮% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৩৯.৮৮% এবং স্থাগিতাদেশ ও সাশ্রয় ব্যাতিত ব্যয় ৩১.৩১%।

তিনি আরও জানান যে, প্রকল্পের অনুমোদিত জরিপ ক্যালেন্ডার অনুযায়ী ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস এর ৩টি জরিপ যথাক্রমে (ক) আবাসিক বাসস্থান জরিপ ২০২৬, (খ) অনাবাসিক বাসস্থান জরিপ ২০২৬ এবং রিয়েলস্টেট প্রতিষ্ঠান জরিপ ২০২৬ মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহের কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া, বিশ্বব্যাংকের গাইডলাইন যথাযথ অনুসরণপূর্বক Procurement Specialist and Financial Management নিয়োগ সম্পন্ন। অন্যান্য পরামর্শক নিয়োগের প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে।

সভায় বিশ্বব্যাংক কর্তৃক প্রেরিত সর্বশেষ মিশন রিপোর্ট নিয়ে বিস্তারিত আলোচন হয়।
সভাপতি বিশ্বব্যাংক কর্তৃক প্রেরিত মিশন রিপোর্টে বর্ণিত কার্যক্রম গুলো (Action) প্রকল্প দপ্তর কর্তৃক Agreed timeline অনুযায়ী বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, তিনি প্রকল্পের মূল উদ্দেশ্য তথা জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার স্বক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম (Action/Activites) টিএপিপিতে বাজেটসহ যথাযথভাবে সন্নিবেশিত আছে কি-না; না থাকলে কিভাবে তা সন্নিবেশন করা যায় তার জন্য প্রকল্পটির Review করারও নির্দেশনা প্রদান করেন।

	process for establishing a BBS-managed website or portal.	2026
4	Finalize the institutional structure and Terms of Reference for the Data User Forum and National Advisory Council on Statistics.	July 30, 2026
5	Initiate the process to access the block allocation provisions in the TAPP on a priority basis.	July 30, 2026
6	Complete uploading of procurement packages in Systematic Tracking of Exchanges in Procurement.	July 30, 2026
7	Prepare the Annual Work Plan and Annual Procurement Plan for FY27.	August 15, 2026
8	Submit the first Interim Unaudited Financial Report.	August 15, 2026
9	Recruit the Economist and Project Coordinator.	August 30, 2026
10	Recruit the Monitoring and Evaluation Specialist, Data Analyst, Junior Procurement Specialist, Junior Financial Management Specialist, and User Satisfaction Survey firm.	October 30, 2026

			খ) প্রকল্পের মূল উদ্দেশ্য তথা জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার স্বক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম (Action/Activites) টিএপিপিতে বাজেটসহ যথাযথভাবে সন্নিবেশিত আছে কি-না; না থাকলে কিভাবে তা সন্নিবেশন করা যায় তার জন্য প্রকল্পটি Review করতে হবে।	
১৮.	এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক কারিগরি প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৬ কোটি ৩১ লক্ষ ৫৯ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ১ কোটি ২৭ লক্ষ ৫৫ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৭ লক্ষ ৫৪ হাজার টাকা। জুন, ২০২৬ পর্যন্ত ব্যয় ১ কোটি ২ লক্ষ ৫৬ হাজার টাকা। প্রকল্প পরিচালক বলেন যে, আরএডিপি বরাদ্দ অনুযায়ী জুন/২০২৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮০.৪১%। অর্থ বিভাগের স্থগিতাদেশ থাকার কারণে ৩২১১১০৬ (আপ্যায়ন ব্যয়) কোডে ৬০,৩০০ টাকা, ৩২১১১১১ (সেমিনার/কনফারেন্স) কোডে ২,০৪,০০০ টাকা, ৩২৩১৩০১ (প্রশিক্ষণ) কোডে ৫,৬২,৫০০ টাকা, ৩২৪৪১০১ (ভ্রমণ ব্যয়) কোডে ১,২২,০০০ টাকা অর্থ্যাৎ মোট ৯,৪৮,৮০০ টাকা ব্যয় করা সম্ভব হয়নি। তাছাড়া বিভিন্ন কোডে পণ্য ও সেবা ক্রয় থেকে মোট ১৫,৪৯,৫৫০ টাকা সাশ্রয় হয়েছে। স্থগিতাদেশ ও সাশ্রয়কৃত মোট অর্থের পরিমাণ ২৪,৯৮,৩৫০ টাকা যা ব্যয় হলে মোট ১০০% আর্থিক অগ্রগতি অর্জিত হতো। অর্থাৎ ২০২৫-২০২৬ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১২৭.৫৫ লক্ষ টাকার মধ্যে স্থগিতাদেশ ও সাশ্রয়সহ ব্যয় ৮৭.৮৫% এবং স্থগিতাদেশ ও সাশ্রয় ব্যতিত ব্যয় ৮০.৪১% । এছাড়াও তিনি আরও জানান যে, প্রকল্পটির মেয়াদকাল জুন ২০২৬-এ শেষ হবে। কিন্তু প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৬৩১.৫৯ লক্ষ টাকার মধ্যে এ পর্যন্ত মোট ব্যয় ২৮০.৯৬ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পের অনুকূলে অব্যয়িত মোট অর্থের পরিমাণ ৩৫০.৬৩ লক্ষ টাকা। তিনি উল্লেখ করেন যে, প্রকল্পটি এসডিজি বাস্তবায়নে সহায়তা করে থাকে। ফলে এর গুরুত্ব বিবেচনায় পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের	প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য যোগযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন-১) SID, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

		সুপারিশের ভিত্তিতে ব্যয় বৃদ্ধি ব্যতিত জুন ২০২৭ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রস্তাব গত ২৫/০৬/২০২৬ মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের জন্য নির্ধারিত ৪টি National Data Coordination Committee (NDCC) সভার মধ্যে ৪টি সভাই আয়োজন করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের জন্য নির্ধারিত ৩৬টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সভার মধ্যে ৩৬টি সভা আয়োজন করা হয়েছে। সভাপতি প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য যোগযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।		

৪। **২০২৫-২৬ অর্থবছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের তথ্যাদি (সবুজ পাতা):**

ক্রম:	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান জরিপ ২০২৫। মেয়াদ: ০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৮। প্রাক্কলিত ব্যয়: ১০ কোটি ১৬ লক্ষ ৬২ হাজার টাকা।	সভায় অবহিত করা হয় যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মতামত প্রতিফলিত করে ডিপিপি পুনর্গঠনপূর্বক অত্র বিভাগে প্রেরণ করা হয় যা যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	পুনর্গঠিত ডিপিপি যাচাই-বাছাই করে পরিকল্পনা কমিশনে দ্রুত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আশিফা শারমিন, উপপরিচালক, বিবিএস।
২.	স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম। মেয়াদ: ০১ জানুয়ারি ২০২৬ হতে ৩০ জুন ২০৩১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২৪৮ কোটি ৪৯ লক্ষ টাকা।	সভায় অবহিত করা হয় যে, পিইসি সভার সুপারিশ অনুযায়ী ইতোপূর্বে সমাপ্ত এসভিআরএস ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের PCR বিষয়ে IMED হতে মূল্যায়ন প্রতিবেদন এখনো পাওয়া যায়নি। মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেলে ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	ইতোপূর্বে সমাপ্ত এসভিআরএস ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের PCR বিষয়ে IMED সাথে যোগাযোগ করে মূল্যায়ন প্রতিবেদন সংগ্রহপূর্বক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মো. আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস।
৩.	শ্রমশক্তি এবং শিশুশ্রম পরিসংখ্যান প্রকল্প। মেয়াদ: ০১ জানুয়ারি ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৯ পর্যন্ত।	সভায় অবহিত করা হয় যে, অর্থ বিভাগে অনুষ্ঠিত জনবল কমিটির সুপারিশ প্রতিফলিত করে পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণ করা হয়েছে যা যাচাই-বাছাই করে	পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা,

	প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৯৮ লক্ষ ৫২ হাজার টাকা।	পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।		আজিজা রহমান উপপরিচালক, বিবিএস
৪.	বাংলাদেশ ইনফরমাল সেক্টর ও কর্মসংস্থান জরিপ (BISES) ২০২৬ শীর্ষক প্রকল্প। বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৬৯ লক্ষ ১৪ হাজার টাকা।	প্রকল্প যাচাই কমিটির সভা আহবানের তারিখ নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	যাচাই-বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস।
৫.	লাইভস্টক ও পোল্ট্রি সার্ভে ২০২৬ বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৪৮ কোটি ৮৮ লক্ষ টাকা।	সভায় জানানো হয় যে, বিবিএস কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বই প্রকাশের পর বরাদ্দ নিশ্চিত হয়ে ডিপিপি প্রণয়নসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, বিবিএস।
৬.	মূল্য ও মজুরি সূচক সংকলন কাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৫০ লক্ষ টাকা।	সভায় জানানো হয় যে, বিবিএস কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বই প্রকাশের পর বরাদ্দ নিশ্চিত হয়ে ডিপিপি প্রণয়নসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বজন হায়দার, উপপরিচালক, বিবিএস।
৭.	ক্যাপাসিটি ইনহ্যান্সমেন্ট অব বিবিএস ইন রিসার্চ মেথোডোলজি এন্ড পলিসি অপশন প্রকল্প বাস্তবায়নকাল: ১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৩১ কোটি ৫১ লক্ষ টাকা।	সভায় জানানো হয় যে, বিবিএস কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বই প্রকাশের পর বরাদ্দ নিশ্চিত হয়ে ডিপিপি প্রণয়নসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আকলিমা খাতুন, উপপরিচালক, বিবিএস।
৮.	মাল্টিডাইমেনশনাল ওয়েলবিং সার্ভে প্রকল্প বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০৩০। প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৭৫ লক্ষ টাকা।	সভায় জানানো হয় যে, বিবিএস কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বই প্রকাশের পর বরাদ্দ নিশ্চিত হয়ে ডিপিপি প্রণয়নসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ফারহানা সুলতানা, উপপরিচালক, বিবিএস।
৯	বহুক্ষেত্রীয় পুষ্টি তথ্য ও পুষ্টি সার্ভিল্যান্স ব্যবস্থা উন্নয়ন শীর্ষক প্রকল্প, বিবিএস। মেয়াদকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০৩১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ১৬ লক্ষ টাকা।	সভায় জানানো হয় যে, বিবিএস কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বই প্রকাশের পর বরাদ্দ নিশ্চিত হয়ে ডিপিপি প্রণয়নসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নাঈমা আকতার, উপপরিচালক, বিবিএস।

৫। **বিবিধ:**

ক্রম:	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	নৌযান শুমারি	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, নৌযান শুমারির লিস্টিং অপারেশনের তথ্য সংগ্রহে জড়িত জনবল ঐ সময়ে বিবিএস এর অন্য কোন জরিপে নিযুক্ত ছিলেন না। কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ০৯-১৪ জুলাই ২০২৬ সময়ে জোনাল অপারেশন এবং ১৯-৩০ আগস্ট ২০২৬ সময়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।	আগামী ০৯-১৪ জুলাই ২০২৬ সময়ে জোনাল অপারেশন এবং ১৯-৩০ আগস্ট ২০২৬ সময়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোঃ আরিফ হোসেন, উপপরিচালক, বিবিএস।
২.	'পর্যটন সম্পর্কিত পরিসংখ্যানের পরিধি ও প্রভাব নিরূপণের লক্ষ্যে ট্যুরিজম স্যাটেলাইট একাউন্ট (টিএসএ) প্রস্তুত' শীর্ষক কার্যক্রম।	সভায় অবহিত করা হয় যে, ট্যুরিজম স্যাটেলাইট একাউন্ট (টিএসএ) ২০২৬-২৭ প্রস্তুতের লক্ষ্যে দুটি জরিপ (Domestic & Outbound) এবং Inbound Tourism Survey পরিচালনার জন্য প্রশ্নপত্র চূড়ান্তকরণের লক্ষ্যে গত ০৯/০৬/২০২৬ তারিখ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে এবং ১৬/০৬/২০২৬ তারিখ বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে দুটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।	(Domestic & Outbound) এবং Inbound Tourism Survey দুটি পরিচালনার জন্য ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রশ্নপত্র চূড়ান্তকরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বপন কুমার, উপপরিচালক, বিবিএস।
৩.	যাত্রী ও মালামাল পরিবহন পরিমাণ সম্পর্কিত জরিপ। ফোকাল পয়েন্ট কর্মকর্তা: প্রতীক ভট্টাচার্য্য উপপরিচালক, বিবিএস।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, সড়কে চলাচলকৃত যাত্রীবাহী মোটরযান এবং পণ্যবাহী মোটরযানের বেজলাইন তথ্য/উপাত্ত প্রস্তুতকরণের নিমিত্ত অর্থ বিভাগের সর্বশেষ পরিপত্র অনুসরণ এবং জরিপ কোডের আওতায় ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রযোজ্য ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর বিবেচনায় নিয়ে সংশোধিত প্রাক্কলিত বাজেট বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-কর্তৃক অর্থ বিভাগের অনুমোদনের জন্য সংশোধিত বাজেট বিআরটিএ)- প্রস্তাব বিবিএস কর্তৃক ১২ মে, ২০২৬ তারিখে বিআরটিএতে প্রেরণ করা হয়েছে। এ পত্রের প্রেক্ষিতে বিআরটিএ কর্তৃক কোন জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে বিআরটিএ এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।	বিআরটিএ'র সাথে যোগাযোগ করে দ্রুত সংশোধিত বাজেট সংগ্রহ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রতীক ভট্টাচার্য্য, উপপরিচালক, বিবিএস।

৬। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৭/২০২৬

(মোঃ ফিরোজ সরকার)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ